



তথ্যবিবরণী

নম্বর: ০২

ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহে সমন্বিত কার্যক্রম চলমান

ময়মনসিংহ (১২ জুলাই, ২০২৩ খ্রি.):

ডেঙ্গু প্রতিরোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন, স্বাস্থ্য অধিদপ্তর, জেলা তথ্য অফিসসহ ময়মনসিংহের সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে চলেছে। নতুন ওয়ার্ড স্থাপনসহ স্বাস্থ্যসেবা প্রদানের মধ্যদিয়ে ডেঙ্গুর ভয়াবহতা মোকাবিলায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল ভূমিকা রেখে চলেছে।

ডেঙ্গু মোকাবিলায় প্রতিষ্ঠানগুলো স্বাস্থ্য সচেতনতায় মাইকিং, লিফলেট বিতরণ, অনলাইনে সচেতনতামূলক বিজ্ঞাপন প্রচার, ডেঙ্গু নিরোধে এজাল্টিসাইড ও লার্ভিসাইড প্রয়োগ প্রভৃতি বাস্তবমুখী বিভিন্ন জনকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করছে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের (মসিক) জনসংযোগ কর্মকর্তা শেখ মহাবুল হোসেন রাজীব জানান, মসিকের উদ্যোগে স্কুল ভিত্তিক সচেতনতা কার্যক্রম শুরু হয়েছে। উল্লেখ্য, ডেঙ্গু প্রতিরোধে এজাল্টিসাইড ও লার্ভিসাইড প্রয়োগের পাশাপাশি সচেতনতা বৃদ্ধিতে মাইকিং, লিফলেট বিতরণ, সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচার-প্রচারণা চালাচ্ছে মসিক এবং কোনো ভবন বা প্রতিষ্ঠানে এডিস মশার লার্ভা পাওয়া গেলে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে এ সকল কার্যক্রমের সাথে সাথে মশক নিধনে ক্রাশ প্রোগ্রাম পরিচালনা করা হবে বলেও তিনি জানান। এর আওতায় মসিকের ৩৩টি ওয়ার্ডে প্রতিটি হটস্পটকে বিশেষ নজরে রেখে পরিকল্পনা মোতাবেক এজাল্টিসাইড ও লার্ভিসাইড প্রয়োগ করা হবে।

ময়মনসিংহ মেডিকেলের উপ-পরিচালক জাকিউর ইসলাম বলেন, ডেঙ্গু রোগীদের মেডিসিন বিশেষজ্ঞরা চিকিৎসা দিচ্ছেন। যে কারণে তিনটি মেডিকেল ওয়ার্ড রাখা হয়েছে। এছাড়াও অক্সিজেন, স্টেরয়েড, ওষধসহ বিভিন্ন প্রকার লজিস্টিক সাপোর্ট রাখা হয়েছে। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ডেঙ্গু ইউনিটের ফোকাল পারসন ডাঃ মোঃ ফরহাদ হোসেন হীরা বলেন, ডেঙ্গু রোগীদের চিকিৎসার জন্য ডেঙ্গু বিষয়ক টিম গঠন করা হয়েছে। এই টিমের অধীনে কিছু সংখ্যক মেডিকেল অফিসার থাকবেন যারা সার্বক্ষণিক চিকিৎসা সেবা প্রদান করবেন। উল্লেখ্য, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ২৭ জন রোগী ভর্তি হয়েছে। বর্তমানে হাসপাতালের মেডিসিন বিভাগের ১৩, ১৪ ও ১৫ নং তিনটি ওয়ার্ডে ডেঙ্গু রোগীদের চিকিৎসা দেওয়া হচ্ছে। হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে প্রায়ই ঢাকা ও আশেপাশের রোগীরা আক্রান্ত হয়ে চিকিৎসা নিচ্ছেন।

ময়মনসিংহ জেলা তথ্য অফিসের পক্ষ থেকেও ডেঙ্গু প্রতিরোধে মাইকিংসহ বিভিন্ন প্রচার-প্রচারণামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া, রাজনৈতিক ও সুশীল সমাজের ব্যক্তিবর্গ নিজ নিজ এলাকায় জনগণকে সচেতন হতে বার্তা দিচ্ছেন।

#

হদা/রিদওয়ান/মনির/দেওয়ান/সজিব/২০২৩/১৮.০০ ঘণ্টা